

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৪২.১৪.০০৯৩.২৫(অংশ-৩).৯৪৩

তারিখ : ০৫ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৯ মে ২০২৬

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
হিসাব ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: চলতি ২০২৫-২৬ অর্থবছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের কোড নং-
২১১০০০৬০০) অধীনে 'বিশেষ বরাদ্দ' শীর্ষক উপখাত হতে এককালীন অর্থ অবমুক্তি।

চলতি ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি'র (এডিপি) আওতায় 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের অধীনে (কোড
নং-২১১০০০৬০০) 'বিশেষ বরাদ্দ' শীর্ষক উপখাত (অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭) হতে নিম্নোক্ত প্রকল্প গ্রহণের জন্য জেলা পরিষদ, পাবনা-
এর অনুকূলে ০৬.০০ লক্ষ (ছয় লক্ষ) টাকা অবমুক্তির সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

ক্রম	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)
১.	পাবনা জেলার সাথিয়া উপজেলার কাশিনাথপুর কেন্দ্রীয় কবরস্থান উন্নয়ন প্রকল্প, সাথিয়া, পাবনা।	৩.০০
২.	পাবনা জেলার ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল জামে মসজিদের অবশিষ্ট উন্নয়ন কাজ, সদর উপজেলা।	৩.০০
মোট=		৬.০০

২। এ ব্যয় চলতি ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৬০০/ ৪১১১৩১৭
'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের গত ২৪ জুলাই ২০২৫ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৩১৬নং, ২১ অক্টোবর ২০২৫ তারিখের
০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৪১১নং, ২৪ নভেম্বর ২০২৫ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৪৬৯নং, গত ১৬ মার্চ
২০২৬ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-১১৮নং এবং ২৬ এপ্রিল ২০২৬ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-
১৭৯নং স্মারকমূলে ২০২৫-২৬ অর্থবছরের জেলা পরিষদ উন্নয়ন সহায়তা খাতের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তির অর্থ ছাড়ে প্রদত্ত
সম্মতির পরিপ্রেক্ষিতে এবং নিম্নবর্ণিত শর্তে এ অর্থ ছাড় করা হলো:

(ক) ছাড়কৃত অর্থ ব্যয়/প্রকল্প গ্রহণের ক্ষেত্রে পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদ এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা-
২০২২ যথাযথভাবে অনুসরণসহ প্রয়োজ্য যাবতীয় আর্থিক ও অন্যান্য বিধিবিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;

(খ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোনো অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল উত্তোলনকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;

(গ) পরবর্তী অর্থবছরে এ খাত হতে অর্থছাড়ের পূর্বে বর্তমানে ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী প্রেরণ করতে হবে; এবং

(ঘ) অর্থ বিভাগ কর্তৃক ০৮.০৭.২০২৫ খ্রি. তারিখের ০৭.১০১.০২০.০০.০০৯.২০২২-০৭ সংখ্যক পরিপত্র এবং ০৫-০৪-২০২৬

খ্রি. তারিখের ০৭.১০১.০২০.০০.০০৯.২০২২-৫৯৬ সংখ্যক পরিপত্র যথাযথভাবে অনুসরণ করতে হবে (প্রয়োজ্য ক্ষেত্রে)।

৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোনো কাজে এ অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী
কর্মকর্তা/নির্বাহী কর্মকর্তা মঞ্জুরিকৃত এ অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত
নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান প্রতিপালন করবেন।

খোন্দকার ফরহাদ আহমদ

উপসচিব

ফোন : +৮৮০২২২৩৩৫৫৫৬৮

ই-মেইল : lgzp@lgd.gov.bd


নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৪২.১৪.০০৯৩.২৫(অংশ-৩).৯৪৩/১(১২)

তারিখ : ০৫ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৯ মে ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় [দৃ. আ: সিনিয়র সহকারী সচিব (বাজেট-১৪ শাখা)];
- অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৪. যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
৬. প্রশাসক, জেলা পরিষদ, পাবনা;
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা;
১০. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এবং
১২. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পাবনা।


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব